

ড্রামসিডারের সাহায্যে সরাসরি বপন : পদ্ধতি ও সতর্কতা

ড্রামসিডার দিয়ে বপন করুন
অধিক ফসল ঘরে তুলুন

ফ্যাক্ট শিট : ধান চাষাবাদ পদ্ধতি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট



ড্রামসিডার ব্যবহার পদ্ধতি

জমি তৈরি

- ▶ জমিকে ভালোভাবে চাষ ও মই দিয়ে জমির আগাছা এবং অন্যান্য আবর্জনা মাটিতে পচিয়ে নিতে হবে।
- ▶ নিচু বিল এলাকায় নভেম্বর মাসে পানি নেমে যাবার পর আর্বজনা ও খড়কুটো সরিয়ে এবং মই দিয়ে বিনা চাষেও সরাসরি বীজ বপন করা যায়। এতেও ভালো ফলন পাওয়া যাচ্ছে।
- ▶ জমিকে ভালোভাবে সমতল করতে হবে। জমিতে অঙ্কুরিত বীজ বপনের সময় কোনো দাঁড়ানো পানি রাখা যাবে না।



বীজ প্রস্তুত করা

ভালো বীজ ব্যবহার করতে হবে এবং ভালো অঙ্কুর গজানোর জন্য প্রথমে ২৪ ঘণ্টা পানিতে ডুবিয়ে ভিজিয়ে রাখতে হবে এবং পরে প্রয়োজন অনুযায়ী জাগ দিতে হবে।



ড্রামে বীজ ভর্তি ও বপন

- ▶ ড্রামের দুই-তৃতীয়াংশ অঙ্কুরিত বীজ দ্বারা পূর্ণ করতে হবে।
- ▶ ড্রামে ভর্তি করার পূর্বে অঙ্কুরিত বীজ ছায়াযুক্ত স্থানে প্রায় ২ ঘণ্টা শুকিয়ে নিতে হবে। এতে ড্রামের ছিদ্র দিয়ে বীজগুলো সমহারে পড়বে।
- ▶ ছয়টি ড্রামে বীজ ভরে ড্রামসিডার যন্ত্রটি দিয়ে একসঙ্গে ১২ লাইনে বীজ বপন করা যায়।



পানি ও সার ব্যবহার

- ▶ বপনের প্রাথমিক অবস্থায় মাটিতে দাঁড়ানো পানির প্রয়োজন নেই। মাটি রসাল অবস্থায় রাখতে হবে এবং ক্রমান্বয়ে চারার বৃদ্ধির সঙ্গে সেচের পরিমাণ বাড়াতে হবে।
- ▶ অনুমোদিত মাত্রায় সার ব্যবহার করতে হবে। নাইট্রোজেন সার ব্যবহারের ক্ষেত্রে এলসিসি ব্যবহার করা যেতে পারে।



ভিডিও-এলসিসি

সতর্কতা

- ▶ বপনের ২৪ ঘণ্টার মধ্যে ভারী বৃষ্টি হলে বীজ এলোমেলো হয়ে যেতে পারে।
- ▶ জমি অসমতল হলে কিংবা ক্ষেতে পানি জমে থাকলে অঙ্কুর পচে যেতে পারে।
- ▶ যথাযথ অঙ্কুরোদ্গম না হলে বীজ বেশি লাগে এবং চারা সমভাবে গজায় না।
- ▶ যে জমিতে বেশি আগাছা জন্মায় সেখানে আগাছানাশক ব্যবহার করা জরুরি।
- ▶ বপনের পরে প্রথম ৭ দিন পাখি ও হাঁস-মুরগির উপদ্রব হতে পারে।
- ▶ আমন মৌসুমে জমি তৈরির দিন এবং বোরো মৌসুমে জমি তৈরির পরের দিন বীজ বপন করা উত্তম।
- ▶ আমন মৌসুমে মাঝারি উঁচু জমিতে বৃষ্টি এড়িয়ে বীজ ফেলতে হবে।

আরো তথ্যের জন্য :

ড. মোঃ মোশাররফ হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, ফলিত গবেষণা বিভাগ,
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১, ই-মেইল : ardbrr@dhaka.net

অধিবেশন ১ : মডিউল ৬
ফ্যাক্ট শিট ২

আমন ধান উৎপাদন প্রশিক্ষণ মডিউল

সহযোগিতায় : FoSHoL প্রকল্প, অর্থায়নে : EC এবং IRRI